সমকাল

তারিখ ... 01 APR 2016 ...
পৃ ... ৩ ... কলাম ... ৬ ...

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

শাখা-১৭

নং-৩৭.০০.০০০০.০৭৮.০২.০০৮.১৩-১৬৮

২০ ফাল্গুন ১৪২২
তারিখ ঃ ০৩ মার্চ ২০১৬

# বিজ্ঞপ্তি

বিষয় ঃ শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির অধীনে ২০১৫-২০১৬ অর্থবছরে গবেষণা প্রস্তাব আহ্বান।

উচ্চতর গবেষণা পৃষ্ঠপোষকতার মাধ্যমে উন্নত প্রযুক্তির আহরণ, উদ্ভাবন এবং প্রয়োগের বিস্তৃতি সাধন এবং তা ফলপ্রসূভাবে কাজে লাগিয়ে সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার, অনুশীলন ও প্রায়োগিক দক্ষতাসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক বিজ্ঞানী, প্রযুক্তিবিদ এবং সমাজবিজ্ঞানী গড়ে তোলার লক্ষ্যে নিম্নবর্ণিত গবেষণার ক্ষেত্রসমূহে শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে সংরক্ষিত নির্ধারিত ফরমে গবেষণা প্রস্তাব সম্বলিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

* গাণিতিক বিজ্ঞান (**Mathematical Sciences**)
* জীবন সম্পর্কিত বিজ্ঞান (**Life Sciences**)
* ভৌত বিজ্ঞান (**Physical Sciences**)
* সামাজিক বিজ্ঞান (Social Sciences)

২। বাংলাদেশের সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয় আওতাভুক্ত স্নাতকোত্তর কলেজসমূহ, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ এবং পাবলিক চিকিৎসা বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়সমূহের বিভিন্ন বিভাগে কর্মরত শিক্ষক/গবেষক উচ্চতর গবেষণা সহায়তার জন্য আবেদন করতে পারবেন। আবেদন ফরমে নির্ধারিত স্থানে মুখ্য গবেষকের টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল, ফ্যাক্স নম্বর (যদি থাকে) তা আবশ্যিকভাবে উল্লেখ্য করতে হবে।

৩। গবেষণা সহায়তা প্রাপ্তির শর্তসমূহ ঃ-

(ক) আবেদনকারীগণকে প্রাথমিক পর্যায়ে PCN (Project concept note) দাখিল করতে হবে;

(খ) মানসম্পন্ন দেশি, বিদেশি জার্নালে প্রকাশনা এবং গবেষণায় অভিজ্ঞতাসম্পন্ন আবেদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে;

(গ) আবেদনকারী গবেষক টীম/গবেষক যার আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/ সিম্পোজিয়াম/ ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপনা বা অংশগ্রহণের অভিজ্ঞতা রয়েছে এমন আবেদনকারী প্রাধান্য পাবেন;

(ঘ) ন্যূনতম গবেষণা অবকাঠামো, চলমান গবেষণা সংখ্যা, গবেষণা প্রকাশনা এবং গবেষণা কর্মকাণ্ডের বৈদেশিক সংযোগমান সন্তোষজনক প্রতীয়মান হতে হবে;

(ঙ) গবেষণার বিষয়বস্তু দেশে প্রয়োগ উপযোগী ও বর্তমান যুগের প্রেক্ষাপটে জাতীয় চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবেঃ

(চ) গবেষণার বিষয়ে ইতোমধ্যে সাফল্য/নির্ভরযোগ্যতা/আশাব্যঞ্জক বুৎপত্তি (Achievement) অর্জন করেছেন এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে;

(ছ) আবেদনকারীকে তিনজন বিশেষজ্ঞের নাম (রেফারী হিসেবে) উল্লেখ করতে হবে।

৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর লিখিত আবেদনপত্র আগামী ১৫ মে ২০১৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে PCN (Project concept note) ফরম পূরণ করে অনলাইনে www.banbeis.gov.bd/gareএবং দুই প্রস্থ হার্ডকপি শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ নং সোনারগাঁও রোড, পলাশী, নীলক্ষেত, ঢাকা-১২০৫-এ পৌঁছানো নিশ্চিত করতে হবে। নির্ধারিত ফরম ছাড়া এবং নির্ধারিত সময়ের পর ও অসম্পূর্ণ কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনকারীকে গবেষণা প্রস্তাবের বিষয়বস্তুর গুরুত্ব, সাফল্য সম্ভাবনা, গবেষণার আবশ্যকীয় বিষয়াদি ও গবেষণা খাতে ব্যয়ের যৌক্তিকতা পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রাথমিক বাছাই/জাতীয় স্টিয়ারিং কমিটির সম্মুখে প্রয়োজনে যথাসময়ে উপস্থাপন করতে হবে।

৫। গবেষণা সহায়তা কর্মসূচির যাবতীয় তথ্য সম্বলিত নীতিমালা ও PCN (Project concept note) ফরম www.banbeis.gov.bd/gare ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে।

০৬। উল্লেখ্য যে, পরবর্তী বছর হতে এ বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হবে না। গবেষকগণ সারা বছর ধরে Online -এ আবেদন করতে পারবেন।

জিন্নাত রেহানা
উপ-সচিব (বিশ্ব: ১)
ফোন ঃ ৯৫৪৯১৭৬

জিডি-৪৮৫/১৬ (১৩″×৩)